

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৫৫

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (১৯৯১)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - ভয় ও কালা

اَلْفصلْ الثَّالِثُ (بَابِ الْبكاء وَالْخَوْف)

আরবী

عَن أنسٍ قَالَ: إِنَّكُمْ لَتَعْمَلُونَ أَعْمَالًا هِيَ أَدَقُّ فِي أَعْيُنِكُمْ مِنَ الشَّعْرِ كُنَّا نَعُدُّهَا عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ من الموبقات. يَعْنِي المهلكات. رَوَاهُ البُخَارِيّ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ من الموبقات. يَعْنِي المهلكات. رَوَاهُ البُخَارِيّ

رواه البخارى (6492) ـ

(صَحِيح)

বাংলা

৫৩৫৫-[১৭] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, (হে লোক সকল!) তোমরা এমন সকল কাজ করে থাক যা তোমাদের দৃষ্টিতে চুলের চাইতেও চিকন। অথচ রাসূলুল্লাহ (সা.) -এর যামানায় আমরা সেগুলোকে ধ্বংসাত্মক মনে করতাম। (বুখারী)

ফুটনোট

সহীহ বুখারী ৬৪৯২, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৪৭৩, মুসনাদে বাযার ৭৪৬৪, মুসনাদে আহমাদ ১১০০৮, আবৃ ইয়া'লা ৪৩১৪, শু'আবূল ঈমান ৭২৫৮, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ২১২৮০।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (هِيَ أَكْتُرُكُمْ) তোমরা কোন বড় ধরনের কাজ করার পরও তা তোমাদের দৃষ্টিতে চুলের চাইতেও অতি নগণ্য বা তুচ্ছ কাজ বলে মনে হয়। অর্থাৎ তোমরা কোন 'আমল করার পর তা তোমাদের নিকট বিরাট সাওয়াবের কাজ বলে মনে কর অথচ তা প্রকৃতপক্ষে তা নয়।

من الموبقات) বর্ণনাকারী আনাস (রাঃ) তাঁর ব্যাখ্যায় বলেন, আমরা রাসূলুল্লাহ (সা.) -এর যুগে তাকে



(الْمُهْلِكَات)ধ্বংসকারী কাজ হিসেবে গণ্য করতাম। (ফাতহুল বারী ১১/৬৪৯২, মিরকাতুল মাফাতীহ)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন